

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬১]

৮. কিতাবুস্ম সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কয়েদী এবং খণ্দারকে মসজিদে বেঁধে রাখা

بَابُ الْأَسِيرِ أَوِ الْغَرِيمِ يُرْبَطُ فِي الْمَسْجِدِ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ ، أَنَّ النَّبِيَّ قَالَ إِنَّ عِفْرِيتًا مِنَ الْجِنِ تَفَلَّتَ عَلَيَّ الْبَارِحةَ أَوْ كَلْمَةً نَحْوَهَا لِيَقْطَعَ عَلَيَّ الصَّلَاةَ، فَأَمْكَنَنِي اللَّهُ مِنْهُ، فَأَرْدَتُ أَنْ أَرْبِطَهُ إِلَى سَارِيَةٍ مِنْ سَوَارِي الْمَسْجِدِ، حَتَّى تُصْبِحُوا وَتَنْظُرُوا إِلَيْهِ كُلُّكُمْ، فَذَكَرْتُ قَوْلَ أَخِي سُلَيْমَانَ: رَبِّ هَبِّ لِي مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي. (بخاري: ২৮৬)

বাংলা

২৮৬) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ গত রাতে হঠাৎ একটি অবাধ্য জিন আমার নামায নষ্ট করার জন্য আমার সামনে পেশ হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ কথা বললেন অথবা অনুরূপ অন্য একটি কথা বললেন। কিন্তু আল্লাহ আমাকে তাঁর উপর বিজয়ী হওয়ার ক্ষমতা দিয়েছেন। আমার ইচ্ছা ছিল, মসজিদের কোন একটি খুঁটির সাথে তাকে বেঁধে রাখি। যাতে সকালে তোমরা সকলেই তাকে দেখতে পাও। তখন আমার ভাই সুলায়মান (আঃ)এর কথা মনে পড়ে গেল। তিনি আল্লাহর নিকট দু'আ করেছিলেনঃ

﴿رَبِّ اغْفِرْ لِي وَهَبْ لِي مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي إِنَّكَ أَنْتَ الْوَهَابُ﴾

“হে আল্লাহ! আমাকে এমন সাম্রাজ্য দান করুন যা আমার পরে অন্য কারো জন্যে সমুচ্চিত না হয়”। (সূরা সোয়াদঃ ৩৫)

টিকাঃ আল্লাহ তাআলা সুলায়মান (আঃ)এর দু'আ করুল করে তাঁকে বিশাল পৃথিবীর রাজত্ব প্রদান করেন। জিন জাতির উপরও তাঁর প্রভাব ও প্রতিপত্তি ছিল। উক্ত জিনকে বেঁধে রাখা সুলায়মান (আঃ)এর রাজত্বে হস্তক্ষেপের শামিল মনে করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে আর গ্রেঞ্জার করেননি। উল্লেখ্য যে, আসামী হিসাবে যুদ্ধবন্দি, খণ অনাদায়কারী, কষ্টদাতা জিন ইত্যাদি সকলেই একই পর্যায়ের। তাই ইমাম বুখারী প্রথম দুই

প্রকারের নামে শিরোনাম রচনা করে তৃতীয় পক্ষের হাদীছ উল্লেখ করেছেন।

English

To fasten a prisoner or a debtor in the mosque

Narrated Abu Huraira:

"The Prophet (ﷺ) said, "Last night a big demon (afreet) from the Jinns came to me and wanted to interrupt my prayers (or said something similar) but Allah enabled me to overpower him. I wanted to fasten him to one of the pillars of the mosque so that all of you could See him in the morning but I remembered the statement of my brother Solomon (as stated in Quran): My Lord! Forgive me and bestow on me a kingdom such as shall not belong to anybody after me (38.35)." The sub narrator Rauh said, "He (the demon) was dismissed humiliated."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89584>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন